

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 07-08-2024
Time: 07.20-07.25 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Panchayat Election:

রাজ্যে আগামীকাল ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ করা হবে। এই নির্বাচনের সব প্রচার গতকাল বিকেল চারটেয় শেষ হয়েছে। আগামীকাল সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। ত্রিস্তর পঞ্চায়েতে মোট ৬ হাজার ৯০৯টি আসনের মধ্যে ভোট হবে ২ হাজার ১০৩টি আসনে। বাকি ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। ভোটপর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে আজ কড়া নিরাপত্তায় নিজ নিজ ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হবেন।

Election Force :

নির্বাচনের কাজে নিযুক্ত নিরাপত্তা বাহিনীকে গতকাল আট জেলায় পাঠানো হয়েছে। প্রত্যেক ভোট কেন্দ্রে তিন জন করে নিরাপত্তা কর্মীকে মোতায়েন করা হবে বলে পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে।

CM-Electricity :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে ভূগর্ভস্থ ক্যাবল লাইন সম্প্রসারণের পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে রাজধানী আগরতলায় এই উদ্যোগ বাস্তবায়িত হবে। গতকাল আগরতলার ৭৯ টিলাস্থিত বিদ্যুৎ দপ্তরের স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার পরিদর্শনের সময় তিনি একথা বলেন। তিনি সেখানে রাজ্যে বিদ্যুৎ সরবরাহের সামগ্রিক যোগান ও সরবরাহ ব্যবস্থাপনা সম্পর্কে বিশদভাবে অবহিত হন এবং তা সরেজমিনে খতিয়ে দেখেন।

স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী বলেন, স্টেট লোড ডেসপ্যাচ সেন্টারটি প্রতিনিয়ত রাজ্যের বিদ্যুৎ উৎপাদন, পরিবহন ও বিতরণকারী সংস্থার উপর নজরদারির মাধ্যমে বিদ্যুৎ গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করছে। সাইবার সুরক্ষার নিয়মাবলীগুলি পূরণ করায় কেন্দ্রীয় সরকার রাজ্যের স্টেট লোড ডেসপ্যাচ সেন্টারকে আইএসও সার্টিফিকেট প্রদান করেছে, যা রাজ্যের জন্য উল্লেখযোগ্য বিষয়।

Foreign Minister :

বাংলাদেশের উদ্ভূত পরিস্থিতির মধ্যে ভারত তার কূটনৈতিক মিশনের মাধ্যমে সে দেশে অবস্থানরত ভারতীয়দের সুরক্ষা সুনিশ্চিত করতে অবিরাম যোগাযোগ রেখে চলেছে। গতকাল সংসদে পররাষ্ট্রমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর একথা জানিয়েছেন।

এদিকে, গতকাল নয়াদিল্লিতে বাংলাদেশের পরিস্থিতি নিয়ে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে সংসদ ভবনে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর বাংলাদেশের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন।

BSF D.G. . .

BSF -এর মহানির্দেশক দলজিৎ সিং চৌধরি আজ আগরতলায় আসতে পারেন । বাংলাদেশে উদ্ভূত পরিস্থির পরিপ্রেক্ষিতে তাঁর এই সফর বলে জানা গেছে। বি এস এফ -এর মহানির্দেশক দলজিৎ সিং চৌধরি বাংলাদেশ সীমান্তের স্পর্শকাতর এলাকাগুলো সফর করছেন। গতকাল তিনি পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনায় পেট্রাপোল সীমান্তে ইমিগ্রেশন দপ্তর পরিদর্শন করেন। এর আগে তিনি পেট্রাপোল- বেনাপোল সীমান্তের জিরো পয়েন্ট পরিদর্শন করেন। বি এস এফ আধিকারীকদের সঙ্গে বৈঠক করেন।

Lok sava. .

লোকসভায় গতকাল অর্থ বিল, ২০২৪ বিবেচনার জন্য গ্রহণ করা হয়েছে। আলোচনার সূত্রপাত করে কংগ্রেসের ডঃ অমর সিং অভিযোগ করেছেন যে কেন্দ্রীয় বাজেট কেবলমাত্র উচ্চ আয়ের লোকদের স্বস্তি দিয়েছে এবং মধ্য ও নিম্ন আয়ের গোষ্ঠী উপেক্ষিত হয়েছে। তিনি বলেন, দেশের কৃষির প্রবৃদ্ধি কমছে।

আলোচনায় অংশ নিয়ে বিজেপির নিশিকান্ত দুবে বলেন, কেন্দ্রীয় বাজেটে অ্যাঞ্জেল ট্যাক্স বিলুপ্ত করার প্রস্তাব দেওয়া হয়েছে যা দেশের স্টার্টআপ এবং তরুণদের চাকরির সম্ভাবনাকে বাড়িয়ে তুলবে। তিনি অগ্নিবীর প্রকল্পের সমালোচনা করার জন্য বিরোধীদের সমালোচনা করেন।

National Handloom Day:

আজ ১০ম জাতীয় হস্ততাঁত দিবস। এই উপলক্ষে রাজ্যেও নানা কর্মসূচীর আয়োজন করা হয়েছে। আজ সকালে বস্ত্র মন্ত্রক ও রাজ্য সরকারের হস্ত তাঁত হস্তকারু রেশম শিল্প দপ্তরের উদ্যোগে আগরতলার প্রজ্ঞাভবনে আলোচনা চক্র, প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। হস্ততাঁত ও হস্তকারু শিল্পের প্রসার, তাঁত বুয়ন শিল্পীদের প্রতি সম্মান প্রদর্শনের উদ্দেশ্যে জাতীয় হস্ততাঁত দিবস উদযাপন করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দিবস উদযাপনে বিশেষ গুরুত্ব আরোপ করেন ।

Rabindra Nath .

আজ ২২ শে শ্রাবন। কবিগুরু রবীন্দ্র নাথ ঠাকুরের প্রয়ান দিবস। কবির প্রতি শ্রদ্ধা জানাতে ও কবি স্মরণে রাজ্যেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজ্য সরকারের তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ সন্ধ্যায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে কবি প্রনামের আয়োজন করা হয়েছে।

অলিম্পিক গেমস:

প্যারিস অলিম্পিকের দ্বাদশ দিনে হকিতে পুরুষ বিভাগে ভারত সেমিফাইনালে পরাজিত হয়েছে। প্রতিপক্ষ জার্মানির কাছে ভারত ২-৩ গোলে হেরে যায়। ফলে আগামী ৮ আগস্ট ব্রোঞ্জ পদকের জন্য ভারত স্পেনের মুখোমুখি হবে। এদিকে পুরুষদের জেভলিন

থ্রো'তে ভারতের নীরজ চোপড়া ফাইন্যালে উঠেছেন। কোয়ালিফাইং রাউন্ডে নীরজ ৮৯.৩৪ মিটার ছুড়ে ফাইন্যালে খেলার ছাড়পত্র আদায় করেন। এই বিভাগে অপর খেলোয়াড় কিশোর জেনা ৮০.৭৩ মিটার ছুঁড়ে বিদায় নেন। কুস্তিতে মহিলাদের ৫০ কেজি বিভাগে ভিনেশ ফোগট আজ ফাইন্যালে আমেরিকার সারাহ হিলডেব্র্যান্ডের বিরুদ্ধে স্বর্ণ পদকের জন্য খেলবেন।

Weather .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।
